# উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন কমিটির ফেব্রুয়ারি/২০২৫ মাসের সভারকার্য বিবরণীঃ

সভাপতি ঃ মোঃ আমিনুল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
কাহারোল, দিনাজপুর।
স্থান ঃ উপজেলা পরিষদ সভা কক্ষ
সভার তারিখ ঃ ১০/০২/২০২৫খ্রিঃ ।
সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা।

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকল সদস্যদের স্বাগত জানিয়ে সভার সূচনা করেন। সদস্য সচিব উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সভার কার্যক্রম আরম্ভ করেন।

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কোনরুপ সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

সদস্য সচিব জানান যে, মা ও শিশু সহায়তা কর্মসূচি ও ভিডব্লিউবি কর্মসূচির আওতায় ২০২৪-২০২৫ অর্থ বছর উপজেলায় ০৬টি ইউনিয়নে ভিডব্লিউবি ২০২৩-২০২৪ চক্রের ফেব্রুয়ারি/২০২৫ মাসে উপকারভোগীদের মাঝে খাদ্য বিতরণ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। ''মা ও শিশু সহায়তা ভাতা প্রদান কর্মসূচির আওতায় ২০২৪-২০২৫ অর্থ বছরে নির্বাচিত প্রতি ইউনিয়নে ০৯ জন করে ৬টি ইউনিয়নে প্রতি মাসে ৫৪ জন হিসাবে উপজেলায় সর্বমোট= ৪৩২ জন ভাতাভোগীদের জুলাই/২০২৫ হতে ফেব্রুয়ারি/২০২৫ পর্যন্ত ৮(আট) মাসের ভাতার অর্থ তাদের নিজ নিজ সঞ্চয়ী/ এজেন্ট ব্যাংকিং হিসাবে EFT এর মাধ্যমে প্রেরণ করা হয়।

"কিশোর-কিশোরী ক্লাব স্থাপন" প্রকল্পের আওতায় উপজেলায় ০৬টি ইউনিয়নে ০৬টি কিশোর-কিশোরী ক্লাব কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে।

সদস্য সচিব জানান যে, উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন কমিটি অত্র উপজেলার মহিলা উন্নয়ন, নারী নির্যাতন প্রতিরোধ,যৌতুক ও বাল্য বিবাহ নিরোধ, ঝুকিপূর্ণ শিশুশ্রম বন্ধে এবং শিশুদের স্কুল থেকে ঝরে পড়ার হাত থেকে রক্ষা করতে একনিষ্ঠ ভাবে কাজ করে চলছে। কিন্তু বাল্য বিবাহের মাত্রাতিরক্ততা কমাতে কার্যকরী ভূমিকা রাখতে পারছেনা । মাঠ পর্যায়ের অবিভাবক তথা জনগণের মধ্যে বাল্য বিবাহের কুফল,বাল্য বিবাহ নিরোধ আইন ও তার শাস্তি/জরিমানা সংক্রান্ত বিষয় গুলি সর্ম্পকে আরও ব্যাপক ও বিস্তারিত করণ প্রয়োজন এই কারণে প্রত্যেক ইউনিয়নে বিভিন্ন পেশাজীবির মানুষ ইউ,পি সদস্য, থানা,হাসপাতাল সকলকে সম্পৃক্ত করে যদি একটি করে সচেতনতামূলক সভার আয়োজন করা যায় তাহলে বাল্য বিবাহের কুফল সর্ম্পকে জানা অজানা তথ্য জনমনে প্রবেশ করানো সম্ভব হবে। ফলে বাল্য বিবাহের হার কমে আসতে পারে বলে আশা করা যায়।

এই পর্যায়ে সভাপতি সকল সদস্যদের নিকট প্রস্তাব রাখেন এবং সকলেরই সম্মতিক্রমে প্রতি ইউনিয়নে ১টি করে সচেতনতামূলক সভা করার বিষয়ে একমত পোষণ করেন। তিনি আরও বলেন যে,এ বিষয়ে প্রয়োজনীয় বরাদ্দ কার্যপত্রাকারে উপজেলা সমন্বয় সভায় উত্থাপন করা যেতে পারে। উক্ত আলোচনা শেষে যে সিদ্ধান্ত গৃহীত হয় তা হলো।

সিদ্ধান্ত ঃ

১. প্রতিটি ইউনিয়ন ১টি করে সচেতনতামূলক সভার জন্য উপজেলা সমন্বয় সভায় অদ্যকার সভার কার্যবিবরণী সহ কার্যপত্র প্রেরণ।

বাস্তবায়নে ঃ

১. সদস্য সচিব, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কাহারোল, দিনাজপুর ও সংশ্লিষ্ট ইউ,পি চেয়ারম্যান।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

১০/০২/২০২৫
(মোঃ আমিনুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন কমিটি
কাহারোল, দিনাজপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
কাহারোল, দিনাজপুর।

স্মারক নং-৩২.০১.২৭৫৬.০০০.১৬.০২৪.২৫- ৮০৯ তারিখঃ ২০.০২.২৫ খ্রিঃ।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ
১। উপজেলা নির্বাহী অফিসার, কাহারোল, দিনাজপুর।
২। উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, দিনাজপুর।
৩। উপজেলা সমাজ সেবা অফিসার, কাহারোল,দিনাজপুর।
৪।উপজেলা সমবায় অফিসার, কাহারোল, দিনাজপুর।
৫। উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর,(ইউডিএফ),কাহারোল, দিনাজপুর।
৬। চেয়ারম্যান,৩নং মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ, কাহারোল,দিনাজপুর।
৭। অফিস কপি।

20.2.2025
(আফসানা মোস্তারী)
উপজেলামহিলা বিষয়ক কর্মকর্তা
কাহারোল, দিনাজপুর।

# পরিশিষ্ট ''ক''

## মহিলা ও শিশু উন্নয়ন কমিটির সভার উপস্থিতি

সভায় উপস্থিত সদস্যগনের স্বাক্ষর ঃ

| ক্রঃ নং | নামও পদবী | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১। | উপজেলা নির্বাহী অফিসার,কাহারোল, দিনাজপুর। | সভাপতি | |
| ০২। | উপজেলা সমাজ সেবা অফিসার, কাহারোল, দিনাজপুর | সদস্য | 10.02.25 |
| ০৩। | উপজেলা সমবায় অফিসার, কাহারোল, দিনাজপুর। | সদস্য | |
| ০৪। | চেয়ারম্যান, ৩নং মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ, কাহারোল, দিনাজপুর। | সদস্য | |
| ০৫। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কাহারোল, দিনাজপুর। | সদস্য সচিব | 20.02.2025 |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
কাহারোল, দিনাজপুর।

স্মারক নং-৩২.০১.২৭৫৬.০০০.১৬.০২৪.২৫-৮০১ তারিখঃ ০৬.০২.২০২৫খ্রিঃ।

## সভার নোটিশ

আগামী ১০/০২/২০২৫ খ্রিঃ রোজ সোমবার বেলা: ১১:০০ ঘটিকায় উপজেলা পরিষদ সভাকক্ষে মহিলা ও শিশু উন্নয়ন কমিটির ফেব্রুয়ারি/২০২৫ খ্রিঃ মাসের মাসিক সভা উপজেলা নির্বাহী অফিসার, কাহারোল, দিনাজপুর এর সভাপতিত্বে অনুষ্ঠিত হবে।

উক্ত সভার একজন সম্মানিত সদস্য হিসেবে আপনাকে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

প্রাপক:
.............................
কাহারোল, দিনাজপুর।

06.02.2025
(আফসানা মোস্তারী)
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
কাহারোল,দিনাজপুর।

অনুলিপি সদয় অবগতি জ্ঞাতার্থে/কার্যার্থে
১। উপজেলা নির্বাহী অফিসার, কাহারোল, দিনাজপুর।
২। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, দিনাজপুর।
৩। উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর,(ইউডিএফ), কাহারোল, দিনাজপুর।
৪। অফিস কপি।